# বারিধারা ডিওএইচএস পরিষদ
## ঢাকা সেনানিবাস
### ৯০তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী

১। ১৯ সেপ্টেম্বর ২০১৫ সকাল ০৯৩০ ঘটিকায় পরিষদের কনফারেন্স রুমে পরম করুনাময় আল্লাহ তালার নামে সভার কার্যক্রম শুরুর প্রারম্ভে এয়ার কমডোর মুরাদ হোসেন, এনডিসি,এসিএসসি,পিএসসি (অবঃ) পবিত্র কোরান হতে কিছু অংশ তেলওয়াত করেন। প্রেসিডেন্ট উক্ত সভায় সভাপতিত্ব করেন এবং সভায় নিম্নে বর্ণিত সদস্যগন উপস্থিত ছিলেন ঃ

| | | | |
|---|---|---|---|
| ক। | ব্রিগেঃ জেনাঃ মুস্তাফিজুর রহমান, এনডিইউ, পিএসসি (অবঃ) | - | প্রেসিডেন্ট |
| খ। | কর্ণেল এস এম ফয়সাল (অবঃ) | - | সিনিঃ ভাইস প্রেসিডেন্ট |
| গ। | লেঃ কর্ণেল আকরাম হোসেন (অবঃ) | - | ভাইস প্রেসিডেন্ট |
| ঘ। | লেঃ কর্ণেল মোঃ সামসুল ইসলাম (অবঃ) | - | সেক্রেটারী |
| ঙ। | লেঃ কর্ণেল এম আব্দুর রব (অবঃ) | - | ট্রেজারার |
| চ। | লেঃ কর্ণেল বজলুর রহমান (অবঃ) | - | মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| ছ। | ডাঃ পারভীন হক চৌধুরী | - | সদস্য |
| জ। | ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ) | - | সদস্য |
| ঝ। | এয়ার কমডোর এম মুরাদ হোসেন,এনডিসি,এসিএসসি,পিএসসি(অবঃ) | - | সদস্য |
| ঞ। | গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) | - | সদস্য |
| ট। | কর্ণেল মোহাম্মদ গোলাম মোস্তফা, পিএসসি (অবঃ) | - | সদস্য |
| ঠ। | লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব (অবঃ) | - | সদস্য |

২। সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|
| আইটেম - ০১ ঃ সভাপতির উদ্ধোধনী বক্তব্য : | |
| ১। পরিষদের সভাপতি সকল ইসি সদস্যদের তাদের দায়িত্ব কর্তব্য সম্মন্ধে স্মরণ করিয়ে দেন। তিনি মন্তব্য করেন যেহেতু নির্বাচিত সকল সদস্যই সৎ, অভিজ্ঞ, কর্মঠ, কর্তব্য পরায়ন এবং সকলেই ভোটারদের কাছে সেবা প্রদান করার জন্য দায়বদ্ধ তাই সকলের দায়িত্ব সঠিকভাবে পালনের জন্য তিনি আহবান জানান। তিনি আরও আশা করেন যে, বর্তমান কমিটি পূর্বের যেকোন কমিটির চাইতে বেশী কর্ম তৎপর হবেন। | সকলকে |
| আইটেম - ০২ ঃ একজিকিউটিভ কমিটির ৮৯তম সভার কার্যবিবরণীর অনুমোদন। | |
| ২। ০৮ আগষ্ট ২০১৫ তারিখের একজিকিউটিভ কমিটির ৮৯তম সভার কার্যবিবরণীর অগ্রগতির ব্যাপারে বিস্তারিতভাবে আলোচনা শেষে উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য লেঃ কর্ণেল এম আব্দুর রব (অবঃ), ট্রেজারার প্রস্তাব করেন এবং গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) সর্মথন করেন। | সকল ইসি সদস্য |
| আইটেম- ৩ ঃ বারিধারা ডিওএইচএস অফিসে খরচ সংক্রান্ত নীতিমালা/পদ্ধতি প্রসংগে | |
| ৩। বারিধারা ডিওএইচএস অফিসে খরচ সংক্রান্ত নীতিমালা/পদ্ধতি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ<br>ক। কোটেশন প্রয়োজন নাই টাকা - ১০,০০০.০০ (দশ হাজার) পর্যন্ত।<br>খ। কোটেশন প্রয়োজন টাকা - ১০,০০১.০০ হতে ২,০০,০০০.০০ পর্যন্ত।<br>গ। টেন্ডার প্রয়োজন টাকা - ২,০০,০০০.০০ উর্দ্ধে পর্যন্ত। | ট্রেজারার |

| | |
|---|---|
| আইটেম- ৪ ঃ গার্বেজ অপসারন ব্যাগ ক্রয়<br><br>৪।  বারিধারা ডিওএইচএস পরিষদে গার্বেজ অপসারন ব্যাগ ক্রয় নিয়ে বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় যে, এখন হতে গার্বেজ অপসারন ব্যাগ ক্রয় করতে কোন টেন্ডার ও কোটেশন দরকার নেই তবে উক্ত গার্বেজ অপসারন ব্যাগ ক্রয় ও বিক্রয় করে পরিষদে টাকা জমা করা হবে। | সেক্রেটারী |
| আইটেম-৫ ঃ আরবিট্রেশন সাব-কমিটিতে সদস্য নিয়োগ<br><br>৫।  আরবিট্রেশন সাব-কমিটিতে কর্ণেল মিয়া মশিউজ্জামান, পিএসসি (অবঃ), বাড়ী # ৪৪৯/৩, রোড # ০৮, বারিধারা ডিওএইচএস কে সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী ও আরবিট্রেশন সাব-কমিটি |
| আইটেম- ৬ ঃ ডিবিসিসি নীতিমালা নিয়ে আলোচনা<br><br>৬।  বারিধারা ডিওএইচএস পরিষদের প্রস্তাবিত ডিবিসিসি নীতিমালা নিয়ে বিস্তারিত আলোচনা শেষে পরবর্তী ইসি সভায় নীতিমালাটি উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল ইসি সদস্য |
| আইটেম-৭ ঃ কনভেনশন সেন্টারের দক্ষিণ পার্শ্বে Beautification Wall নির্মাণ<br><br>৭।  বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের দক্ষিণ পার্শ্বে একটি দৃষ্টিনন্দন দেয়াল নির্মাণের ব্যাপারে উপস্থাপিত নকশা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সভায় সর্বসম্মতিক্রমে ছোট দেয়াল এবং তার উপর এস এস পাইপ স্থাপন করার সিদ্ধন্ত গৃহিত হয়। | কনভেনশন সেন্টার সাব-কমিটি |
| আইটেম-৮ ঃ ৬৩তম ইসি সভার কার্যবিবরনী আইটেম ৭, ৮ এবং ৯ এর বিষয়ে আলোচনা<br><br>৮।  বারিধারা ডিওএইচএস পরিষদের ৬৩তম ইসি সভার আইটেম ৭, ৮ এবং ৯ এর সিদ্ধান্তের ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় আইটেম ৭ ও ৯ নং বাতিল করতঃ ৮নং আইটেম বলবৎ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী ও ট্রেজারার |
| আইটেম-৯ ঃ ৬৪তম ইসি সভার কার্যবিবরনী আইটেম - ৬ নিয়ে আলোচনা<br><br>৯।  বারিধারা ডিওএইচএস পরিষদের জরুরী কাজ সমূহ সুষ্ঠু ও দ্রুত সম্পাদনের নিমিত্তে পারচেজ সাব-কমিটির অনুমোদন ব্যতীত দৈনন্দিন সকল কাজের ব্যয় ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা থেকে বৃদ্ধি করে ৩৫,০০০.০০ (পয়ত্রিশ হাজার) টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত টাকার অতিরিক্ত ক্রয় Purchase Sub-committee এর মাধ্যমে সম্পাদন করতে হবে। | ট্রেজারার ও পারসেস সাব-কমিটি |
| আইটেম-১০ ঃ মসজিদ সংক্রান্ত বিষয়ে উত্থাপিত পয়েন্ট সমূহ<br><br>ক।  জানা গিয়েছে যে, মসজিদ এবং মসজিদ সংলগ্ন বিল্ডিং এ ব্যাংকের উপর তলায় বেশ কয়েকটি অননুমোদিত মক্তব পরিচালিত হচ্ছ। বর্তমান মসজিদ কমিটির কাছ থেকে জানা যায় যে, মসজিদ কমিটির তত্বাবধানে এগুলো পরিচালিত হচ্ছে না। উল্লেখ্য যে, এ সব মক্তবে প্রধাণতঃ ডিওএইচএস এর বাহিরের প্রশিক্ষক দ্বারা পাঠদান করা হয় এবং ডিওএইচএস এর বাহিরের কিছু লোকও এখানে পড়াশুনা করে। বিশেষ ভাবে উল্লেখ্য যে, আমাদের মসজিদে গোপনভাবে পূর্বে রাষ্ট্র বিরোধী ইসলামিক সংগঠনের সদস্যদের কার্য্যক্রম পরিচালিত হতো এবং অতিসম্প্রতি তাদের কয়েকজনকে সরকার গ্রেফতারও করে। সকল মক্তবের উপর পরিষদের সার্বিক পূর্ণ নিয়ন্ত্রন থাকা উচিত।<br>খ।  মসজিদে প্রায় প্রত্যেক মাসে তবলিগ জামাত আসে। তাদের ঠিকানাসহ নামীয় তালিকা তাদের আগমনের পূর্বে আমাদের কাছে প্রদান করা উচিত। | |

সিদ্ধান্ত ঃ

ক। মসজিদ সংলগ্ন এবি ব্যাংকের দো'তলা পাঠাগার ও প্রাথমিক চিকিৎসালয় (এম আই রুম) হিসেবে ব্যবহার করা হবে। পবিত্র কোরআন এবং হাদিস শিক্ষাদানের সকল প্রকার ক্লাস মসজিদের ২য় ও তৃতীয় তলায় পরিচালিত হবে। এখন থেকে মক্তবের সকল শিক্ষা কার্য্যক্রম পরিষদের তত্বাবধায়নে পরিচালিত হবে। পরিষদের অনুমতি ব্যতীত অন্য কোন প্রকার শিক্ষা কার্য্যক্রম মসজিদে পরিচালনা করা যাবে না। মসজিদের স্টাফগন প্রশিক্ষক হিসেবে নিয়োজিত থাকবে। সেখানে ডিওএইচএস এ বসবাসকারীরাই প্রশিক্ষার্থী হিসেবে অংশ গ্রহন করবে। অতিরিক্ত প্রশিক্ষকের প্রয়োজন হলে ডিওএইচএস এ বসবাসকারী বাসিন্দাদের মধ্য থেকে নিয়োগ করা যেতে পারে। পরিষদের অনুমোদন ছাড়া ডিওএইচএস এর বাইরের কোন প্রশিক্ষক নিয়োগ করা যাবে না।

মসজিদ সাব-কমিটি

খ। বাইরের কোন জামাত এলে তাদের মসজিদে অবস্থানকাল এবং সদস্যদের নাম, পেশা, ঠিকানা,দেশ (বিদেশীদের ক্ষেত্রে) ইত্যাদি বিবরণ তাদের আগমনের পূর্বেই অনুমোদনের জন্য মসজিদ সাব-কমিটিকে অবগতিতে রেখে পরিষদের সিকিউরিটি ও এ্যাডমিন শাখায় স্থানীয় তবলিক জামাতের পক্ষ থেকে প্রদান করতে হবে। অনুমোদন ছাড়া বাইরের কোন জামাতকে মসজিদে থাকতে দেয়া হবে না।

<u>আইটেম-১১ ঃ পবিত্র ঈদ-উল-আযহা উৎযাপন</u>

১১। বারিধারা ডিওএইচএস এলাকায় পূর্বের ন্যায় পবিত্র ঈদ-উল-আযহা উৎযাপন এবং কোরবানী করার সিদ্ধান্ত গৃহিত হয়।

সকল ইসি সদস্য

<u>আইটেম-১২ ঃ ইসি কমিটি কর্তৃক আর্থিক অনুমোদন</u>

১২। বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন নিম্নবর্ণিত কাজের আর্থিক ব্যয় অনুমোদিত হয়।

ট্রেজারার

***<u>পরিষদ ফান্ড ঃ</u>***

| অনুমোদন ক্রঃ নং | তারিখ | খরচের বিবরন | টাকা | অনুমোদন কর্তৃপক্ষ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩৫৩ | ১৮-৮-১৫ | পরিষদ সেক্রেটারীর দৈনন্দিন কাজ পরিচালনার জন্য ০১টি মোবাইল ও পোষ্ট পেইড নাম্বার ক্রয়ে খরচ | ১৩,৯৯৯.০০ | ইসি | |
| ৩৫৭ | ১৮-৮-১৫ | কনভেনশন সেন্টারের লেবেল-৪ এ ভাইস প্রেসিডেন্টের জন্য থাই এ্যালুমিনিয়াম গ্লাসের কক্ষ তৈরী খরচ | ৩৪,৮০০.০০ | ইসি | |
| ৩৬২ | ১৯-৮-১৫ | পরিষদ মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিনের দৈনন্দিন কাজ পরিচালনার জন্য ০১টি মোবাইল ও পোষ্ট পেইড নাম্বার ক্রয়ে খরচ | ১৫,৫০০.০০ | ইসি | |
| ৩৬৪ | ২৩-৮-১৫ | পরিষদ এম আই রুমে রোগীদেরকে বিনা মূল্যে চিকিৎসা প্রদানের নিমিত্তে 'জুলাই-আগষ্ট' ২০১৫ মাসের ঔষধ ক্রয় বাবদ খরচ | ১১,৭৭৩.০০ | ইসি | |
| ৩৬৫ | ২৩-৮-১৫ | কনভেনশন সেন্টারের লেবেল-৪ এ পরিষদের জয়েন্ট সেক্রেটারীর জন্য থাই এ্যালুমিনিয়াম গ্লাসের কক্ষ তৈরী খরচ | ৩৪,৮০০.০০ | ইসি | |
| ৩৭৩ | ২৭-৮-১৫ | ডিওএইচএস এলাকার বাসিন্দাগণের নিকট নগদ মূল্যে পলিথিন বিক্রয়ের নিমিত্তে ৭২৫ পাউন্ড পলি ব্যাগ ক্রয়ে খরচ | ৬৫,৯৪০.০০ | ইসি | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩৭৪ | ২৮-৮-১৫ | কনভেনশন সেন্টারের লেবেল-৪ এ পরিষদের ০৮ (আট) জন ইসি সদস্যের জন্য থাই এ্যালুমিনিয়াম গ্লাসের কক্ষ তৈরী খরচ | ৩৪,৮০০.০০ | ইসি | |
| ৩৭৫ | ২৯-৮-১৫ | ফিটনেস সেন্টারের পাশের খুটি হতে নেয়া থ্রি ফেজ সংযোগ ক্যাবল চুরি হওয়ায় বৈদ্যুতিক লাইনের পূণঃ সংযোগ স্থাপন কাজে ক্যাবল ক্রয় ও অন্যান্য খরচ | ১৬,০২৪.০০ | ইসি | |
| | ১০-৯-১৫ | সেনা কল্যান সংস্থা কর্তৃক আয়োজিত আন্তঃ ডিওএইচএস ফুটবল প্রতিযোগীতায় অংশগ্রহন উপলক্ষ্যে ফুটবল টিমের (০৩ টি টিম) এন্ট্রি ফি বাবদ খরচ | ১২,০০০.০০ | ইসি | |
| | ১০-৯-১৫ | সেনা কল্যান সংস্থা কর্তৃক আয়োজিত আন্তঃ ডিওএইচএস ফুটবল প্রতিযোগীতায় অংশগ্রহন উপলক্ষ্যে ফুটবল টিমের (০৩ টি টিম) জার্সি ক্রয় বাবদ খরচ | ১০,০০০.০০ | সভাপতি,বারিধারা ডিওএইচএস | |
| | ১০-৯-১৫ | পরিষদ ফুটবল খেলোয়াড়দের খেলার সামগ্রী ও মাঠে অনুশিলনের জন্য হ্যালোজিন লাইট ক্রয় বাবদ খরচ | ১২,৩৫০.০০ | ইসি | |
| | ১০-৯-১৫ | পরিষদ এলাকায় বৃক্ষরোপন উপলক্ষে বিভিন্ন ফুল ও ফল গাছের চারা ক্রয় খরচ | ১০,২২০.০০ | ইসি | |

***এ্যাডমিন এন্ড সিকিউরিটি ফান্ড ঃ***

| অনুমোদন ক্রঃ নং | তারিখ | খরচের বিবরন | টাকা | অনুমোদন কর্তৃপক্ষ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২৭২ | ১৮-৮-১৫ | এ্যাডমিন এন্ড সিকিঃ শাখার সুপারভাইজার এবং গার্ডদের জন্য ৫০ পেয়ার বুট, ৫০ পেয়ার মোজা ও ২০ পেয়ার ইউনিফর্ম (ক্যাপ সহ) ক্রয় খরচঃ | ৪৯,৯০০.০০ | ইসি | |
| ২৮৮ | ০৩-৯-১৫ | এ্যাডমিন এন্ড সিকিঃ শাখার নতুন গার্ড ভর্তি হওয়ায় তাদের জন্য ১২ পেয়ার ইউনিফর্ম ক্রয় খরচঃ | ৯,৭০০.০০ | সভাপতি,বারিধারা ডিওএইচএস | |
| | ১২-৯-১৫ | পবিত্র ঈদুল আযহা উপলক্ষে গার্ড মেসে ১২৫ জনের খাবার পরিবেশন বাবদ খরচঃ | ১৩,৪১৫.০০ | ইসি | |

***মসজিদ ফান্ড ঃ***

| অনুমোদন ক্রঃ নং | তারিখ | খরচের বিবরন | টাকা | অনুমোদন কর্তৃপক্ষ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | ১০-৯-১৫ | বারিধারা ডিওএইচএস মসজিদের এসি'র কমপ্রেসার ব্যবহারের অযোগ্য হওয়ায় নুতন কমপ্রেসার ক্রয় খরচ | ৪৬,০০০.০০ | ইসি | |
| | ১০-৯-১৫ | বারিধারা ডিওএইচএস মসজিদের ১২টি (বার) এসি সার্ভিসিং চার্জ | ১২,০০০.০০ | ইসি | |

(৪৮)

কনভেনশন সেন্টার ফান্ড ঃ

| অনুমোদন ক্রঃ নং | তারিখ | খরচের বিবরন | টাকা | অনুমোদন কর্তৃপক্ষ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১২৪ | ০৭-৯-১৫ | কনভেনশন সেন্টারের নীচ তলায় ষ্টোররুম তৈরি কাজে খরচ | ৮,৮০০.০০ | সভাপতি,বারিধারা ডিওএইচএস | |
| | ১০-৯-১৫ | কনভেনশন সেন্টারের পানির মিটার অকেজো হওয়ায় নুতন মিটার ক্রয়ে খরচ | ১৩,০০০.০০ | ইসি | |

আইটেম -১৩ ঃ বিবিধ

১৩। চাহিদ পত্র ( Requistion Slip) : যে কোন চাহিদা পত্র নির্বাচিত সদস্য অথবা সাব-কমিটির কনভেনার অথবা সদস্য সচিব বা অফিসার কর্তৃক চাহিদা পত্রে স্বাক্ষর পূর্বক উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। — ট্রেজারার

১৪। বারিধারা ডিওএইচএস পরিষদের যে কোন নীতিমালা নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত হওয়ার পর প্রচলনের সিদ্ধান্ত গৃহিত হয়। — সকল ইসি সদস্য

১৫। বারিধারা ডিওএইচএস পরিষদের প্রোপার্টি রেজিষ্টার আপটুডেট রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। — মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন

১৬। সেনাকল্যাণ সংস্থা কর্তৃক প্রতিবছর ডিওএইচএস এলাকার মধ্যে ফুটবল, ক্রিকেট, বাস্কেটবল ও ব্যাটমিন্টন খেলার প্রতিযোগিতায় স্পন্সর দেয়ার প্রতিশ্রুতি দিয়েছে। উক্ত ফুটবল, ক্রিকেট, বাস্কেটবল ও ব্যাটমিন্টন খেলার জন্য মানসম্মত দল গঠনের জন্য কর্ণেল এম এম ফয়সাল (অবঃ), সিনিঃ ভাইস প্রেসিডেন্টকে দায়িত্ব দেওয়া হয় এবং এছাড়াও স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটি কনভেনার হিসেবে আগামী ডিসেম্বর ২০১৫ জন্য বিভিন্ন জাতীয় গুরুত্বপূর্ণ দিবস উদযাপনসহ অন্যান্য প্রতিযোগিতার ক্যালেন্ডার তৈরী করে আগামী ১০ অক্টোবর ২০১৫ মধ্যে পরিষদ অফিসে প্রেরন করার সিদ্ধান্ত গৃহিত হয়। — কনভেনার, গেমস্, স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটি

১৭। পরিষদের দৈনন্দিন কার্যক্রম সংক্রান্ত বিভিন্ন পত্রাদি সকল নির্বাহী সদস্যকে অবহিত করার লক্ষে পরিষদ অফিসের সেক্রেটারীর টেবিলে সার্কুলার ফাইলে রক্ষিত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত সার্কুলার ফাইলে পত্রাদিসমূহ ০৭ দিন রক্ষিত থাকবে। সকল ইসি সদস্যগনকে সেক্রেটারীর অফিসে এসে রক্ষিত সার্কুলার ফাইলটি দেখা ও স্বাক্ষর করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। — সকল ইসি সদস্য

১৮। বারিধরা ডিওএইচএস জামে মসজিদের মাসিক আয় ব্যায়ের হিসাব বিবরনী মসজিদ কমিটির কাছে প্রেরণ এবং মসজিদ কমিটি উক্ত আয় ব্যায়ের হিসাব বিবরনী মসজিদে সংরক্ষন করবে বলে সিদ্ধান্ত গৃহিত হয়। — ট্রেজারার ও মসজিদ সাব কমিটি

১৯। বারিধরা ডিওএইচএস এলাকায় কর্মরত গৃহকর্মী, কেয়ারটেকার, ড্রাইভার ও সিকিঃ গার্ডকে পূর্বের ন্যায় পরিষদ কর্তৃক আইডি কার্ড ইস্যু করার জন্য নীতিমালা ও আনুসাংগিক কাজ মেম্বার সিকিঃ এ্যাডমিন তদারকি করার সিদ্ধান্ত গৃহিত হয়। — মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন

২০। বারিধরা ডিওএইচএস এলাকায় নিরাপত্তার জন্য সিসি ক্যামেরা সিকিউরিটি এন্ড এ্যাডমিন সাব-কমিটি কর্তৃক বিশদভাবে পর্যালোচনা করতঃ আর্থিক ব্যায়সহ উপস্থাপন করবে এবং পরবর্তীতে যথাযথ কার্যকরী ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত গৃহিত হয়। — মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন

| | |
|---|---|
| ২১। নির্বাহী কমিটি বা সাব-কমিটি সদস্য দায়িত্ব পালন কালীন যদি প্রয়োজন অনুভব করে তবে অত্র ডিওএইচএস এলাকায় বসবাসরত সদস্যকে পরিষদের অনুমতি সাপেক্ষে অর্ন্তভূক্ত (কো-অপ্ট) করতে পারবে বলে সিদ্ধান্ত গৃহিত হয়। | সকল ইসি সদস্য |
| ২২। বারিধারা ডিওএইচএস পুকুরের চারপাশে গার্ডেন লাইট স্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। | মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| ২৩। বারিধারা ডিওএইচএস এলাকার গার্বেজ পয়েন্ট হতে ময়লা/আর্বজনা অপসারনের জন্য ট্রাক ক্রয় করার সিদ্ধান্ত গৃহিত হয়। যাহা অনুমোদনের জন্য এজিএম এ উপস্থাপন করা হবে। | পারচেজ সাব কমিটি |
| ২৪। বারিধারা ডিওএইচএস পরিষদের সকল কর্মচারীর ২২ সেপ্টেম্বর ২০১৫ তারিখের মধ্যে ঈদ উৎসব ভাতা দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | ট্রেজারার |
| ২৫। জানা গিয়েছে যে, মিরপুর ডিওএইচএস এলাকায় সরকার কর্তৃক সাব-ষ্টেশন স্থাপন করা হয়েছে। সদস্যদের কোন বিল করা হয় না। বারিধারা ডিওএইচএস এলাকায় অনুরূপ ব্যবস্থা গ্রহন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউটিলিটি সাব-কমিটি |
| ২৬। বারিধারা ডিএইচএস শিশু পার্কে শিশুদের খেলাধুলার জন্য দৃষ্টিনন্দন আধুনিক ও মানসম্মত ফাইবার গ্লাসের বিভিন্ন আইটেম যদি ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক স্থাপন করা না হয় তাহলে পরিষদের অর্থায়নে উক্ত কাজটি একটি অফিসার পর্ষদের মাধ্যমে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | গেমস, স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটি |

৩। সভাপতির সমাপনী ভাষন ঃ উপরোক্ত গৃহিত সিদ্ধান্ত সমূহ যাতে যথা সময়ে এবং সঠিকভাবে বাস্তবায়ন করা হয় সেজন্য সভাপতি সকল ইসি সদস্যদের যথাযথ প্রচেষ্টা প্রত্যাশা করেন।

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

ব্রিগেঃ জেনাঃ মুস্তাফিজুর রহমান, এনডিইউ, পিএসসি (অবঃ)
সভাপতি

তারিখ ঃ ০৪ অক্টোবর ২০১৫

কার্যক্রম ঃ

ইসি কমিটির সদস্যগণ